

৩৫

নোয়াদিয়া বালিকা উচ্চ বিদ্যালয় নানাবিধ সমস্যায় জর্জরিত

নরসিংদী, ৬ই এপ্রিল (নিজস্ব সংবাদ-দাতা) - নরসিংদী জেলার শিবপুর থানার প্রাচীনতম ঐতিহ্যবাহী বেসরকারি নোয়াদিয়া কে এইচ বালিকা উচ্চ বিদ্যালয়টি দীর্ঘদিন যাবৎ নানাবিধ সমস্যায় জর্জরিত। ১৯৬৭ সালে স্থানীয় জনগণের উদ্যোগে এই শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপিত হয়। ভাঙা, নড়বড়ে ও ঝুঁকিপূর্ণ অবস্থা এ বিদ্যালয়টিতে ৬শ' ছাত্রী নিয়মিত লেখাপড়া করে আসছে। এই প্রাচীনতম বিদ্যালয়টিতে ১৬ জন শিক্ষক ও শিক্ষিকা রয়েছেন। বিদ্যালয়টিতে ছাত্রীদের কোন বিশ্রামাগার নেই। প্রধান শিক্ষক জানান, এ বিদ্যালয়টি সরকারি-করণের জন্য অনেকবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে লেখালেখি করেও কোন ফল হয়নি। বিদ্যালয়টিতে ক্রমের প্রয়োজন। চেয়ার-টেবিল, বসার টুল কিছুই নেই বললেই চলে, যা আছে তাও ব্যবহারের উপযোগী নেই। এ পর্যন্ত সরকারি কোন সাহায্যও বিদ্যালয়টি পায়নি। স্থানীয় জনগণের সহযোগিতায় বিদ্যালয়টি চলছে। এলাকাবাসীর দাবি এই প্রাচীনতম বিদ্যালয়টি সরকারিকরণের। বিদ্যালয়টিতে ছাত্রীদের লেখাপড়ায় মারাত্মক বিঘ্ন ঘটছে। বাড় আসলে যে কোন সময় বিদ্যালয়টি ভেঙে পড়তে পারে।